



বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭।

www.ugc.gov.bd; E-mail: director_publicuniv@ugc.gov.bd



স্মারক নং- ইউজিসি/পাব:বিশ্ব:/১১২/২০১৮/৮২১৪

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৬
১৩ অক্টোবর ২০১৯

বিষয়: নিরাপদ শিক্ষানুকূল পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে নিরাপত্তাব্যবস্থা জোরদারকরণ।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, সাম্প্রতিককালে দেশের কোনো কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীগণ নানাভাবে হয়রানির স্বীকার হচ্ছেন- এমনকি শিক্ষার্থীদের প্রাণহানিরমতো অনাকাঙ্ক্ষিত ঘটনাও ঘটছে। এহেন কর্মকাণ্ড শিক্ষার্থীদের জীবনকে একদিকে যেমন অনিশ্চয়তার পথে ঠেলে দিচ্ছে, অন্যদিকে ক্যাম্পাস অশান্ত করে শিক্ষার সামগ্রিক পরিবেশের পাশাপাশি দেশকে অস্থিতিশীল করার অপচেষ্টা চালাচ্ছে। এ অপ্রত্যাশিত অবস্থার আশু অবসানকল্পে বিশ্ববিদ্যালয়সমূহের প্রশাসন অধিকতর সচেতনতার সঙ্গে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন- এটাই সময়ের দাবি।

উল্লেখ্য, শিক্ষার্থীদের সর্বোচ্চ নিরাপত্তা বিধান এবং ক্যাম্পাস ও ছাত্রাবাসে শিক্ষাবান্ধব পরিবেশ সুনিশ্চিত করার লক্ষ্যে দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ে র্যাগিং ও মাদকবিরোধী কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের পাশাপাশি সিনিয়র শিক্ষার্থী কর্তৃক জুনিয়র শিক্ষার্থীদের ওপর পরিচালিত সর্বপ্রকার হয়রানিমূলক কর্মকাণ্ড বন্ধের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণের নিমিত্তে বিশ্ববিদ্যালয়সমূহের প্রশাসনকে অনুরোধ জানিয়ে কতিপয় নির্দেশনাসহ গত ০৮ জানুয়ারি ২০১৯ তারিখে কমিশন থেকে পত্র প্রেরণ করা হয়।

সম্প্রতি উদ্ভূত পরিস্থিতি সম্পর্কে সজাগ থেকে শিক্ষার্থীদের নিরাপত্তা সুনিশ্চিত করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়সমূহকে নিম্নোক্ত বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য পুনরায় অনুরোধ করা হল:

- শ্রেণিকক্ষ হতে শুরু করে প্রতিটি হল ও ক্যাম্পাসে সার্বক্ষণিক মনিটরিং-এর মাধ্যমে শিক্ষক-শিক্ষার্থী এবং শিক্ষাসংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণের নিরাপত্তাব্যবস্থা জোরদার করবেন;
- প্রতিটি হল-এ সংশ্লিষ্ট প্রভোস্ট, সহকারী প্রভোস্ট/হাউস টিউটরগণ সার্বক্ষণিকভাবে শিক্ষার্থীদের নিরাপত্তা বিধানে সজাগ থাকবেন এবং প্রক্টোরিয়াল বডি/ডিএসডব্লিউ নিয়মিত মনিটরিং-এর মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত করবেন। বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ প্রশাসন এ বিষয়ে প্রয়োজ্য ক্ষেত্রে সহায়তা প্রদান করবেন;
- নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি র্যাগিং ও মাদকবিরোধী প্রচার-প্রচারণা অব্যাহত রাখবেন;
- বিশ্ববিদ্যালয়ের প্রশাসন প্রয়োজনে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও স্থানীয় প্রশাসনের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে পারেন;
- এছাড়া পূর্বে প্রেরিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করবেন।

শিক্ষার্থীগণ নিরাপদে থাকুক এবং মুক্তচিন্তা ও উদার দৃষ্টিভঙ্গিতে বেড়ে উঠুক- এটাই আমাদের প্রত্যাশা!

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

বিতরণ:

উপাচার্য/রেজিস্ট্রার (পাবলিক বিশ্ববিদ্যালয়)

ঢাকা/রাজশাহী/ বাংলাদেশ কৃষি/ বাংলাদেশ প্রকৌশল/ চট্টগ্রাম/ জাহাঙ্গীরনগর/ ইসলামী/ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/খুলনা/জাতীয়/বাংলাদেশ উন্মুক্ত/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি/বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল /শেরে বাংলা কৃষি/ মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি/হাজী মোঃ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/ ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি/চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি/ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/জগন্নাথ/ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম/কুমিল্লা/চট্টগ্রাম ভেটেরিনারী ও এনিম্যাল সাইন্সেস/ সিলেট কৃষি/যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস/বেগম রোকেয়া/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি/বরিশাল/বাংলাদেশ টেক্সটাইল/রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি/ ইসলামি আরবি/চট্টগ্রাম মেডিকেল /রাজশাহী মেডিকেল/রবীন্দ্র/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি/খুলনা কৃষি /শেখ হাসিনা/বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি/সিলেট মেডিকেল/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়।





মো. কামাল হোসেন
পরিচালক

পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ
ফোন: ০২-৫৮১৬০১১১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পরিচালক, জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ, ইউজিসি, ঢাকা (মিডিয়ায় প্রচারের অনুরোধসহ);
- ২। পরিচালক (চ.দা.), আইএমসিটি বিভাগ, ইউজিসি, ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ);
- ৩। একান্ত সচিব, সিনিয়র সচিব মহোদয়ের দপ্তর, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৪। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা;
- ৫। সহকারী সচিব, সদস্য (প্রফেসর ড. দিল আফরোজা বেগম) মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা;
- ৬। ব্যক্তিগত কর্মকর্তা, সচিব মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা;
- ৭-৮। নথি/মহানথি।


২৩/১০/২০২০
সিনিয়র সহকারী পরিচালক (মি)
Tahmineh Rahman
২৩/১০/২০২০
সিনিয়র সহকারী পরিচালক
Tahmineh Rahman
সিনিয়র সহকারী পরিচালক


২৩/১০/২০
নাসিমা আক্তার খাতুন
সিনিয়র সহকারী পরিচালক
পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ